গাংনী উপজেলা প্রেসক্লাবের নয়া কমিটি

গাংনী উপজেলা প্রেসক্লাবের ২০২৫-২০২৬ বছরের জন্য জুলফিকার আলী কানন বিনা প্রতিদ্বন্দ্বীতায় সভাপতি নির্বাচিত হয়েছেন। এছাড়া প্রেসক্লাবের সদস্যদের প্রত্যক্ষ ভোটে সাধারণ সস্পাদক নির্বাচিত হয়েছেন মিয়াদুল ইসলাম।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন, সহ-সভাপতি যথাক্রমে মাসুদ পারভেজ ও লিটন মাহমুদ। যুগ্ম সাধারণ সম্পাদক রাকিবুল ইসলাম কবি, কোষাধ্যক্ষ- আসাদুল্লাহ আল গালিব, সাংগঠনিক সম্পাদক রহিদুল ইসলাম রাসেল, দপ্তর সম্পাদক এজাজ উদ্দিন ছোটন, প্রচার সম্পাদক রকিবুল ইসলাম রকি, নির্বাহী সদস্য এমএ লিংকন, এমএন পাভেল, আমিরুল ইসলাম অল্ডাম, সাহাজুল ইসলাম সাজু ও বদরুজ্জামান।

বছরের শুরুতেই ৬ জন নতুন সদস্যকে অন্তর্ভুক্ত করা হয়েছে এরা হলেন, আক্তারুজ্জামান, সাঈদ হাসান, হাসানুজ্জামান, তরিকুল ইসলাম, ফিরোজ আহমেদ পলাশ, মাহাবুল ইসলাম।

গাংনী উপজেলা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির অভিষেক অনুষ্ঠান

গাংনী উপজেলা প্রেসক্লাবের নবনির্বাচিত কমিটির অভিষেক অনুষ্ঠান গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে রবিবার (১৩ নভেম্বর) বেলা ১১ টার সময় অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা প্রেসক্লাবের দ্বি বার্ষিক নির্বাচনের প্রধান নির্বাচন কমিশনার সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন, গাংনী থানার

অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু, গাংনী উপজেলা প্রকৌশলী ফয়সাল আহম্মেদ ও বিদায়ী সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম।

সাংবাদিক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অনুষ্ঠিত অভিষেক অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন নির্বাচন কমিশনার আবুল কাশেম অনুরাগি, গাংনী প্রেসক্লাবের সহসভাপতি মজনুর রহমান আকাশ, সাধারণ সম্পাদক মাহাবুব আলম, গাংনী উপজেলা প্রেসক্লাবের সিনিয়র সদস্য সাহাজুল সাজু, শিক্ষক নেতা হাসানুজ্জামান, সাংবাদিক এ সিদ্দিকী শাহিন, তোফায়েল আহম্মেদ।

অভিষেক অনুষ্ঠানে সভাপতি এমএ লিংকন ও সাধারণ সম্পাদক এমএন পাভেলকে ফুলের তোড়া দিয়ে বরণ করে নেওয়া হয়। এসময় বিদায়ী সভাপতি আমিরুল ইসলাম অল্ডামকে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানানো হয়।

পরিবারের প্রতিটি সদস্যের মাঝে গড়ে তুলতে হবে সুনিবিড় বন্ধন

শুধু দেশের উন্নয়ন ও মানুষের কথা ভাবলে হবেনা। দেশের সাথে নিজের পরিবারের আপনজনদের কথাও ভাবতে হবে। সময় দিতে হবে পরিবারের প্রত্যেকটি সদস্যের সাথে। তাহলেই পরিবারের প্রতিটি সদস্যের মাঝে গড়ে উঠবে এক সুনিবিড় বন্ধন।
এই অ্যান্ড্রয়েডের যুগে পরিবারের সবাইকে নিয়ে ঘুরতে হবে। উপভোগ করতে হবে ভালবাসার অনাবিল সুখটাকে। স্বামী স্ত্রী ও পরিবারের অন্যান্য সদস্যদের সাথে গড়ে তুলতে হবে আস্থার বন্ধন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের আয়োজনে বার্ষিক বনভোজন অনুষ্ঠানে যোগ দিয়ে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

“এসো মিলি ইকো পার্কের শীতল ছায়ায়, শরৎ আকাশের সাদা মেঘের ভেলায়’ ম্লোগানে দিনভর আনন্দ আর হৈ হুল্লড়ে অনুষ্ঠিত হয়েছে গাংনী উপজেলা প্রেস ক্লাবের আয়োজনের এই বার্ষিক বনভোজনে।